


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com




সোমবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৯০ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ০৯ শ্রাবণ ১৪৩০ ॥ ০৫ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২৪ জুলাই ২০২৩



## ইতালি পৌঁছেছেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) আয়োজিত ফুড সিস্টেম সামিটে যোগ দিতে ইতালির রোমে পৌঁছেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল রোববার স্থানীয় সময় বেলা ১টা ৪০ মিনিটে ইতালির রোমের ফিউমিসিনো বিমানবন্দরে পৌঁছান প্রধানমন্ত্রী। বিমানবন্দরের আনুষ্ঠানিকতা শেষে তিনি তার সফরকালীন আবাসস্থলে যান।

এর আগে রোববার সকালে কাতার এয়ারওয়েজের একটি ফ্লাইটে (কিউআর-৬৪৩) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ছাড়েন প্রধানমন্ত্রী। দোহায় ট্রানজিট বিরতির পর কাতার এয়ারওয়েজের আরেকটি ফ্লাইটে (কিউআর-১৩১) রোমে আসেন তিনি।

সফরকালে 'জাতিসংঘের ফুড সিস্টেম সামিটে' অংশগ্রহণের পাশাপাশি প্রধানমন্ত্রী শেখ হাসিনা ইতালির ২-এর পাতায় দেখুন

## খাই খাই পার্টি বিএনপি ক্ষমতার জন্য অস্থির হয়ে গেছে

**নিজস্ব প্রতিবেদক :** ওবায়দুল কাদের বলেন, 'দুর্নীতিবাজ বিএনপিকে এদেশের মানুষ সমর্থন করতে পারে না। কারণ, বিএনপি ক্ষমতায় গেলে দেশটাকে গিলে খাবে।' তিনি বলেন, 'পলাতক দণ্ডিত আসামি যে দলের নেতা সেই দলকে ২-এর পাতায় দেখুন



## রাজনৈতিক অপরাধ ও বিত্তপ্রদর্শনী থেকে সমাজ রক্ষায় কাজ করুন

**নিজস্ব প্রতিবেদক :** রাজনৈতিক অপরাধ ও বিত্ত-বৈভব প্রদর্শনীর কলুষতা থেকে সমাজ রক্ষায় কাজ করতে সাংবাদিকদের প্রতি আহবান জানিয়েছেন তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ। গতকাল ২-এর পাতায় দেখুন



## বিরোধীদল দমনে ইন্টারনেট শাটডাউনকে অস্ত্র হিসেবে ব্যবহার করছে সরকার

**নিজস্ব প্রতিবেদক :** ডিজিটাল শাটডাউনের মাধ্যমে সরকার মানুষের অধিকার হরণ করছে বলে অভিযোগ করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রোববার সকালে গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে সংবাদ ২-এর পাতায় দেখুন



# বাংলাদেশ ভারত পাকিস্তানের চেয়ে এগিয়ে

**নিজস্ব প্রতিবেদক :** বিখ্যাত মার্কিন অনলাইন সংবাদপত্র পলিসি ওয়াচার বাংলাদেশের অর্থনৈতিক সাফল্যের প্রশংসা করে বলেছে, অন্যতম দ্রুত বর্ধনশীল অর্থনীতির দেশ বাংলাদেশ এখন বিশ্বের অর্থনৈতিক উন্নয়নের কেস স্টাডিতে পরিণত হয়েছে। অনলাইন পত্রিকাটির ২২ জুলাই সংখ্যায় প্রকাশিত "বাংলাদেশের অর্থনীতি কি সত্যিই দ্রুত অগ্রসর হচ্ছে?' এই শিরোনামের এক নিবন্ধে বলা হয়, সামষ্টিক-অর্থনৈতিক স্থিতিশীলতার ভিত্তিতে বাংলাদেশের অর্থনীতি ৫০ বছরে ২৭১ গুণ বৃদ্ধি পেয়েছে।"

পলিসি ওয়াচারের সম্পাদকীয় বাছাই বিভাগে নিবন্ধটি প্রকাশিত হয়েছে। নিবন্ধের লেখক সুইজারল্যান্ডের লুসার্ন বিশ্ববিদ্যালয়ের পিএইচডি গবেষক ড. এমিলিয়া ফার্নান্দেজ দক্ষিণ এশীয় ভূ-রাজনীতি বিশেষজ্ঞ এবং নিরাপত্তা ও রাজনৈতিক বিশ্লেষক।

নিবন্ধে এমিলিয়া ফার্নান্দেজ বলেন, অনেক অর্থনৈতিক ও সামাজিক সূচকে বাংলাদেশ ভারত ও পাকিস্তানের চেয়ে এগিয়ে রয়েছে। বাংলাদেশ এখন বিশ্বের অর্থনৈতিক উন্নয়নের কেস স্টাডিতে পরিণত হয়েছে, যা খুব কম অর্থনীতিবিদই ভবিষ্যদ্বাণী করতে পেরেছিলেন। তিনি লিখেছেন, ২০০৬ সালে বাংলাদেশ যখন জিডিপি প্রবৃদ্ধিতে পাকিস্তানকে ছাড়িয়ে যায়, তখন অনেকেই এটিকে আকস্মিক সৌভাগ্য বলে উড়িয়ে দিয়েছিল। কিন্তু তারপর থেকে,




বাংলাদেশ প্রতি বছর পাকিস্তানকে ছাড়িয়ে গেছে এবং বাংলাদেশ এখন বিশ্বের দ্রুত বর্ধনশীল অর্থনীতির অন্যতম। তিনি বলেন, বাংলাদেশের সফল যাত্রা একটি ভালো উদাহরণ এবং মাত্র দুই দশকে বাংলাদেশ গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সূচকে পাকিস্তানকে ছাড়িয়ে গেছে এবং গত ২০ বছরে বাংলাদেশের মাথাপিছু জিডিপি ৫০০ শতাংশ বৃদ্ধি পেয়েছে, যা পাকিস্তানের আড়াই গুণ।

নিবন্ধে বলা হয়, অর্থনৈতিক স্বাধীনতা সূচকে বাংলাদেশ ভারত-পাকিস্তানের চেয়ে এগিয়ে রয়েছে। ওয়াশিংটন-ভিত্তিক রক্ষণশীল থিংক ট্যাংক দ্য হেরিটেজ ফাউন্ডেশনের একটি প্রতিবেদন অনুসারে, ২০২১ সালে ৫৬.৫ স্কোর নিয়ে বাংলাদেশ ১২০ তম স্থানে রয়েছে। বাংলাদেশের সমান স্কোর নিয়ে ভারত ১২১তম অবস্থানে এবং পাকিস্তানের অবস্থান ১৫২ তম। এমিলিয়া ফার্নান্দেজ বলেন, বৈশ্বিক শান্তি সূচকে বাংলাদেশ ভারত-পাকিস্তানের চেয়ে এগিয়ে। অস্ট্রেলিয়ার সিডনিতে অবস্থিত একটি আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট ফর ইকোনমিকস অ্যান্ড পিস'র (আইইপি) প্রকাশিত সর্বশেষ গ্লোবাল পিস ইনডেক্সে (জিপিআই) দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ ভারত ও পাকিস্তানের চেয়ে এগিয়ে রয়েছে। স্বাধীন বাংলাদেশের অর্থনৈতিক যাত্রা শুরু হয় ১৯৭২ সালে এবং সে সময় প্রতিটি অর্থনৈতিক সূচকে ভারত ও পাকিস্তান এগিয়ে ছিল। আজ ৫০ বছর পর, প্রায় ২-এর পাতায় দেখুন

## জাল ভোটের ফুটেজ আছে আরাফাত যেন শপথ নিতে না পারেন : হিরো আলম

**নিজস্ব প্রতিবেদক :** ঢাকা-১৭ আসনে নির্বাচনের ফল বাতিল ও পুনর্নির্বাচনের দাবি জানিয়ে নির্বাচন কমিশনের কাছে আবেদন করেছেন আশরাফুল আলম ওরফে হিরো আলম। একই সঙ্গে ভোট কারচুপির ভিডিও ফুটেজ তার কাছে রয়েছে বলে তিনি দাবি করেন।

গতকাল রোববার (২৩ জুলাই) দুপুর ১২টার দিকে আগারগাঁওয়ে নির্বাচন কমিশন কার্যালয়ে গিয়ে আবেদন জমা দেন ওই আসনের স্বতন্ত্র প্রার্থী হিসেবে অংশ নেওয়া আলোচিত এই কনটেন্ট ক্রিয়েটর।

আবেদন জমা দেওয়ার পর সাংবাদিকদের হিরো আলম বলেন, ১৭ তারিখে যে নির্বাচন হয়েছে, সেটি সুষ্ঠু কোনো নির্বাচন হয়নি এবং ২-এর পাতায় দেখুন

## বিএনপির মহাসমাবেশের দিনে এবার যুবলীগের সমাবেশ

**নিজস্ব প্রতিবেদক :** আগামী ২৭ জুলাই রাজধানীতে তারুণ্যের সমাবেশ করবে আওয়ামী লীগের সহযোগী সংগঠন যুবলীগ। যুবলীগের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্যা জানানো হয়েছে। এর আগে শনিবার (২২ জুলাই) যুবলীগের সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল জানিয়েছিলেন, ২৪ জুলাই সমাবেশ হবে। পরে যুবলীগের দপ্তর থেকে জানানো হয়, এ সমাবেশ হবে ২৭ জুলাই। দেশব্যাপী 'তারুণ্যের জয়যাত্রা' সমাবেশের ধারাবাহিকতায় বৃহস্পতিবার (২৭ জুলাই) দুপুর ২টায় জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের দক্ষিণ-পশ্চিম গেটে অনুষ্ঠিত হবে। আর একই দিনে মহাসমাবেশ করবে বিএনপি। রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে বিএনপির ৩ সংগঠনের আয়োজিত 'দেশ বাঁচাতে তারুণ্যের সমাবেশ' থেকে নতুন কর্মসূচি ঘোষণা করা হয়েছে। যুবলীগের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ২৭ জুলাই ঢাকা বিভাগের অন্তর্গত ঢাকা মহানগর উত্তর, ঢাকা মহানগর দক্ষিণ, গাজীপুর মহানগর, নারায়ণগঞ্জ মহানগর ও টাঙ্গাইল, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, গাজীপুর, ঢাকা জেলা এবং ময়মনসিংহ জেলার সমন্বয়ে 'তারুণ্যের জয়যাত্রা' সমাবেশ অনুষ্ঠিত হবে। ঢাকা বিভাগীয় 'তারুণ্যের জয়যাত্রা' সমাবেশে যেসকল জেলা ও মহানগরকে আহ্বান করা হয়েছে সেসকল জেলা ও মহানগরকে আগামী ২৭ জুলাই অনুষ্ঠিতব্য সমাবেশ সফল করতে যাবতীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ করা করা হয়েছে এ প্রেস বিজ্ঞপ্তিতে।

এ বিষয়ে জানতে চাইলে যুবলীগের সাধারণ ২-এর পাতায় দেখুন

২৪ জুলাই ২০২৩ দৈনিক এই আমার দেশ ১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত Daily Eai Amar Desh www.eaiamardesh.com e-paper.eaiamardesh.com

## ঝিনাইদহে জেলা আওয়ামী লীগের কার্যনির্বাহী সংসদের প্রথম সভা অনুষ্ঠিত




**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের নব-গঠিত কার্যনির্বাহী কমিটির প্রথম সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার সকালে জেলা আওয়ামী লীগের কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জেলা আওয়ামী লীগের সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টুর সঞ্চালনায় সভায় নবগঠিত কমিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সভার প্রধান অতিথি আব্দুল হাই এমপি বলেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি জামায়াত নাশকতার চেষ্টা করছে। স্বাধীনতা বিরোধীরা আবারো দেশকে অস্থীতিশীল করার চেষ্টা করছে। এ ব্যাপারে আমাদের সকলের সচেষ্ট থাকতে হবে। সকলকে ঐক্যবদ্ধ হয়ে আগামী দিয়ে নৌকার বিজয় সুনিশ্চিত করতে হবে। সভায় ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় পানিতে ডুবে শিশুর মৃত্যু

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপায় পানিতে ডুবে আদিত্য ইসলাম (৬) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। মৃত আদিত্য ইসলাম একই উপজেলার কবির হোসেনর পুত্র।

নিহত আদিত্য ইসলামের পিতা কবির হোসেন বলেন, দুপুর ২ টা থেকে আদিত্যকে ওর মা খুঁজে পাচ্ছিলো না পরে সবাই মিলে খোজাখুজির করতে করতে রবিবার বিকাল সাড়ে ৪ টার দিকে বাড়ি পাশে খালের পানিতে ভাসতে দেখে। দ্রুত উদ্ধার করে শৈলকুপা হাসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসাক তাকে মৃত ঘোষণা করেন।

শৈলকুপার থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আমিনুল ইসলাম বলেন, শৈলকুপার হাকিমপুর ইউনিয়নের হরিহরা গ্রামে খালের ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে শিশু অপহরণের পর হত্যা মামলায় ৪ জনের যাবজ্জীবন কারাদন্ড

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার অচিন্তনগর গ্রামের ৫ বছরের শিশু মনিরা অপহরণের পর হত্যা মামলায় ৪ জনের যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত। রোববার দুপুরে জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ নাজিমুদ্দৌলা এ দন্ডাদেশ প্রদান করেন।

দন্ডিতরা হলো-ওই গ্রামের আছালত মন্ডলের ছেলে জাফর মন্ডল (৪২) মৃত খয়বার বিশ্বাসের ছেলে শিপন (৪০), কুদ্দুস মুন্সীর ছেলে মিন্টু মুন্সী (৪০) ও মুজিবার মোল্লার স্ত্রী নুপুর (৪০)। মামলার ২-এর পাতায় দেখুন

## প্রধান বিচারপতির সঙ্গে আইজিপি'র সাক্ষাৎ

**নিজস্ব প্রতিবেদক :** প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর সঙ্গে সাক্ষাৎ করেছেন মহা-পুলিশ পরিদর্শক (আইজিপি) চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন। গতকাল রোববার বিকেল ৩টায় তিনি এ সাক্ষাৎ করেন। এ সাক্ষাতে দু'জনের মধ্যে আধঘন্টা ব্যাপি বৈঠক হয়েছে বলে জানা গেছে। নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে এ তথ্য।



তবে আপিল বিভাগের রেজিস্ট্রার ও মুখপাত্র মোহাম্মদ সাইফুর রহমান এ প্রতিবেদককে জানান, আগামি ২৮ জুলাই প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুপ্রিম কোর্টে আসবেন। ওইদিন সুপ্রিম কোর্টের ইনার গার্ডেনে জাতিরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মরণের নির্মিত স্মারক স্তম্ভ উদ্বোধনের কথা রয়েছে প্রধানমন্ত্রীর। মূলত: ওই অনুষ্ঠানকে সামনে রেখে গৃহিত নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন করতেই পুলিশ প্রধান চৌধুরী আব্দুল্লাহ আল-মামুন সুপ্রিম কোর্টে আসেন। বিকেল ৩টার দিকে তিনি সুপ্রিম কোর্ট কম্পাউন্ডে আসেন। এখানে নিরাপত্তার প্রয়োজনে গৃহিত ব্যবস্থাদি পরিদর্শন ২-এর পাতায় দেখুন




## কালীগঞ্জে জাতীয় পাবলিক সার্ভিস দিবস পালন

**কালীগঞ্জ প্রতিনিধি :** 'সবার আগে সুশাসন" জনসেবাই উদ্ভাবন" এ স্লোগানে কালীগঞ্জে জাতীয় পাবলিক সার্ভিস দিবস পালন করা হয়েছে। এ উপলক্ষে রোববার সকালে বর্ণাঢ্য র‍্যালী শেষে কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার ইসরাত জাহানের সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত সভাতে বক্তব্য রাখেন, কালীগঞ্জ সহকারী কমিশনার (ভূমি) হাবিবুল্লাহ হাবিব, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ২-এর পাতায় দেখুন

## সড়ক দুর্ঘটনায় শয্যাশায়ী নজরুলের আর্থিক সহযোগিতায় মিনিস্টার গ্রুপের চেয়ারম্যান এম এ রাজ্জাক খান রাজ সিআইপি

**নিজস্ব প্রতিবেদক :** চুয়াডাঙ্গা পৌর এলাকায় শান্তি পাড়ার মোঃ নজরুল ইসলামকে সার্বিকভাবে সাহায্য সহযোগিতা করেন চুয়াডাঙ্গা কৃতি সন্তান মিনিস্টার মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান এবং এফবিবিসিআই এর ভাইস প্রেসিডেন্ট জনাব এম এ রাজ্জাক খান রাজ। নজরুল ইসলাম (৫০) নামের একজনকে।

নজরুল ইসলাম এর স্ত্রী বলেন আমার স্বামী রোড এক্সিডেন্ট করে চার বছর যাবত বিছানায় শুয়ে আছেন। তিনি আমার পরিবারের একমাত্র উপার্জনকারী ব্যক্তি। আমার পরিবারের হাল ধরার মতো অন্য কেউ নাই। এমতাবস্থায় গরিবের বন্ধু এম এ রাজ্জাক খান রাজ ২-এর পাতায় দেখুন






## ইবিতে ফ্রান্সে উচ্চ শিক্ষা ও কাজের সুযোগ বিষয়ক সেমিনার

**মোতালেব বিশ্বাস, ইবি :** কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ফ্রান্সে উচ্চ শিক্ষা ও কাজের সুযোগ বিষয়ক উন্মুক্ত সেমিনার অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের হামিদুর রহমান মিলনআয়তনে এ সেমিনার অনুষ্ঠিত হয়। ইবি আই আই আর এর ২-এর পাতায় দেখুন

## মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামকে বিদায় সংবর্ধনা

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর জেলা অফিসার্স ক্লাবের সৌজন্য জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামকে বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে। রবিবার সকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা প্রশাসকের স্থানীয় সরকারের উপ-পরিচালক মোঃ শামীম হোসেন। বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম ভারাক্রান্ত হৃদয়ে বক্তব্য রাখেন। এসময় তিনি সকলের কাছে ভুল ত্রুটি ক্ষমা চেয়েছেন ও সকলের মঙ্গল কামনা করেন এবং একই সাথে নিজের পরিবার ও নিজের জন্য দোয়া চান। এসময় আরও বক্তব্য রাখেন ২-এর পাতায় দেখুন




বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

## ১০০ বৈঠকে যেসব প্রশ্নের উত্তর খুঁজেছেন ইইউ প্রতিনিধি দল

**নিজস্ব প্রতিবেদক :** ইউরোপীয় ইউনিয়নের- ইইউ প্রাক নির্বাচন পর্যবেক্ষক প্রতিনিধি দল বাংলাদেশ সফর শেষে আজ রোববার (২৩ জুলাই) ঢাকা ছেড়েছে। ঢাকা ছাড়ার আগে সরকারি-বেসরকারি প্রতিনিধি, বিভিন্ন রাজনৈতিক দল, সুশীল সমাজ, গণমাধ্যমের সঙ্গে প্রায় ১০০টি বৈঠক করেছেন প্রতিনিধি দলের সদস্যরা।



এই ১০০ বৈঠকে আগামী জাতীয় নির্বাচন বিষয়ে অনেকগুলো প্রশ্নের উত্তর খুঁজেছেন তারা। ইইউ প্রতিনিধি দলের সদস্যরা সফরকালে নির্বাচন কমিশনের সঙ্গে দুদফা বৈঠক করেছেন। সে সময় তারা নির্বাচনী ব্যবস্থা, নির্বাচনের সময় সহিংসতা, নির্বাচন কমিশনের সক্ষমতা, ভোটার তালিকা ইত্যাদি বিষয়ে জানতে ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে পুকুর থেকে চা দোকানীর লাশ উদ্ধার

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার দামুদরপুর গ্রামের একটি পুকুর থেকে বিল্লাল হোসেন (৬০) নামের এক চা দোকানীর লাশ উদ্ধার করেছে পুলিশ।

রোববার সকালে কোলা ইউনিয়নের দামুদরপুর গ্রামের সাবা ব্রিকস নামের ইটভাটার পুকুর থেকে তার লাশ উদ্ধার করা হয়। বিল্লাল হোসেন ওই গ্রামের মৃত মনু মিয়ার ছেলে।

স্থানীয় পল্লী চিকিৎসক শামসুল ইসলাম জানান, সকালে পুকুরে চা দোকানী বিল্লাল হোসেনের লাশ ভেসে থাকতে দেখে পুলিশের খবর দেয় স্থানীয়রা। পরে পুলিশ তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়। শনিবার দুপুরে তার জমিতে ২-এর পাতায় দেখুন



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

সোমবার ২৪ জুলাই ২০২৩

# রাজধানীর ১১ এলাকা ডেঙ্গুর রেড জোন ঘোষণা



**নিজস্ব প্রতিবেদক :** প্রতিদিন লাফিয়ে লাফিয়ে বাড়ছে ডেঙ্গুজ্বর আক্রান্ত রোগীর সংখ্যা। বিশেষ করে ঢাকার বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু রোগীর সংখ্যা বেড়েই চলেছে। এ জন্য ঢাকার দুই সিটি করপোরেশনের ১১টি এলাকাকে 'রেড জোন' ঘোষণা করেছে স্থানীয় সরকার।

যে ১১টি এলাকাকে রেড জোন হিসেবে চিহ্নিত করা হয়েছে তার মধ্যে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) রয়েছে ছয়টি এলাকা এবং উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) পাঁচটি এলাকা। এগুলো হলো- যাত্রাবাড়ী, মুগদা, কদমতলী, জুরাইন, মানিকনগর, সবুজবাগ, উত্তরা, মোহাম্মদপুর, মিরপুর, তেজগাঁও ও বাড্ডা। ডেঙ্গু নিয়ন্ত্রণে রাজধানীর দুই সিটি করপোরেশনের পক্ষ থেকেই নানান ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। তা সত্ত্বেও ঢাকায় এডিস মশাবাহিত এ রোগের প্রকোপ স্মরণকালের ভয়াবহ পরিস্থিতি পার করছে। চলতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে সারাদেশে এখন পর্যন্ত ৩০ হাজার ৬৮৫ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। আর ডেঙ্গুতে মৃত্যু হয়েছে ১৬৭ জনের।

স্বাস্থ্য অধিদপ্তর জানায়, রাজধানীর ১৮ শতাংশ বাড়িতে এডিস মশার লার্ভার উপস্থিতি পাওয়া গেছে। সাধারণত কোনো এলাকার ৫ শতাংশ বাড়িতে লার্ভা পাওয়া গেলে ওই পরিস্থিতিকে 'ঝুঁকিপূর্ণ' ধরা হয়।

## শৈলকুপায় শিশু ধর্ষণের ১৭ দিন পার হলেও এখনো আটক হয়নি ধর্ষক

**নিজস্ব প্রতিবেদক :** ৮ বছরের একমাত্র কণ্যা শিশুর ধর্ষণের কথা শুনে অসুস্থ মা স্ট্রোক করে মারা জান। জন্মদুঃখীনি মায়ের শেষ মুখ খানি দেখার সৌভাগ্য হয়নি পাশবিক নির্যাতনের শিকার শিশুটির। আট বছর বয়সেই একই গ্রামের ৬০ বছরের বৃদ্ধা শাহামত আলীর দ্বারা ধর্ষণের শিকার হয় শিশুটি। ঝিনাইদহ সদর হাসপাতালে দীর্ঘ ১৭ দিন যাবৎ চিকিৎসা ধীন রয়েছে। দারিদ্র্য দিনমুজুর পিতার পক্ষে মেয়ের চিকিৎসা সেবার খরচ চালানো সম্ভব হচ্ছে না। এমন খবর শোনার পর শৈলকুপা উপজেলার সারুটিয়া ইউনিয়নের গোসাইডাঙ্গা গ্রামে ছুটে যান অশান্ত সারুটিয়া ইউনিয়নে শান্তির প্রতিক শিক্ষক নেতা উজ্জ্বল আলী। সে সময় ধর্ষিতার চিকিৎসার জন্য নগদ অর্থ ও একটি ছাগল প্রধান করেন। এবং মেয়েটি সুস্থ হওয়ার পর তার লেখা পড়ার সকল দায়িত্ব গ্রহনের আশ্বাস প্রদান করেন? এসময় তার সাথে উপস্থিত ছিলেন স্থানীয় ইউপি মেম্বার রাকিবুল ইসলাম, এবং গ্রামের মোড়ল মাতব্বর ও ধর্ষণের শিকার মেয়েটির স্বজনরা। এসময় শিক্ষক নেতা ও সাবেক ছাত্রলীগ নেতা মো:উজ্জ্বল আলী বলেন, আমি রাজনীতি করতে আসেনি আমি সারুটিয়া ইউনিয়নের প্রতিটি অসহায় মানুষের পাশে থাকতে চাই তাদের সেবা করতে চাই।আমি অবাক হয়ে যায় ভাল কাজ করে গেলেও ২-এর পাতায় দেখুন

## মুজিবনগরের রশিকপুর মাধ্যমিক বিদ্যালয় হয়ে উঠেছে মাদকের অভয়াশ্রম



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের মুজিবনগর উপজেলার রশিকপুর মাধ্যমিক বিদ্যালয় হয়ে উঠেছে মাদকের অভয়াশ্রম। মদ, ফেনসিডিল, হেরোইন, ইয়াবা ও গাঁজাসেবীদের দখলে কোটি টাকার একাডেমিক ভবনটি। মামলা জটিলতায় স্কুলটি চালু না হওয়ায় মাদকসেবীদের আখড়ায় পরিণত হয়েছে ভবনটির কক্ষগুলো। চুরি হয়েছে দামি আসবাবপত্র, খসে পড়ছে ইট, দরজা ও জানালার গ্রিলগুলো। তা হারিয়েছে অনেক আগেই। জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সূত্রে জানা গেছে, ২০০৩ সালে সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইমপ্রুভমেন্ট প্রজেক্টের আওতায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ৮৭ লাখ টাকা ব্যয়ে মুজিবনগরের রশিকপুর গ্রামে ৩ বিঘারও বেশি জানা গেছে। জমির ২-এর পাতায় দেখুন

## খুমেক হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত নারীর মৃত্যু, ভর্তি ৫৮ জন

**নিজস্ব প্রতিবেদক :** খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে শেফালী বেগম (৫৫) নামে এক নারীর মৃত্যু হয়েছে। তিনি বরগুনা জেলার পাথরঘাটা উপজেলার মো.বারেকের স্ত্রী। তিনি শনিবার ডেঙ্গু জ্বর নিয়ে খুমেক হাসপাতালে ভর্তি হন। আজ রবিবার চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এদিকে খুমেক হাসপাতালে একদিনে ১৭ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছে। এ নিয়ে হাসপাতালে মোট ৫৮ জন ডেঙ্গু রোগী ভর্তি রয়েছে। আর গত ২৪ ঘন্টায় সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১২ জন।

খুলনা মেডিকেল কলেজ হাসপাতালের আবাসিক কর্মকর্তা (আরএমও) ডাক্তার সুভাষ রঞ্জন হালদার এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, চলতি বছরে খুলনায় সর্বমোট ২২০ জন রোগী ডেঙ্গু আক্রান্ত হয়ে চিকিৎসা নিয়েছে। গত ২৪ ঘন্টায় ১৭ জন রোগী ভর্তি হয়। বর্তমানে হাসপাতালে ৫৮ জন রোগী ভর্তি রয়েছে।

## চুয়াডাঙ্গায় বালতির পানিতে পড়ে শিশুর মৃত্যু

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় বালতির পানিতে ডুবে আটমাস বয়সি ইয়াসিনের মৃত্যু হয়েছে। রবিবার বিকাল ৫টার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ইয়াসিনের মৃত্যু নিশ্চিত করেন। এর আগে বেলা সাড়ে ৩টার দিকে আলমডাঙ্গা উপজেলার খাসকররা গ্রামের দক্ষিণপাড়ায় এ ঘটনা ঘটে। শিশু ইয়াসিন একই গ্রামের আলমগীর ২-এর পাতায় দেখুন



## যশোরের কাঠালতলা থেকে পিস্তল ও গুলিসহ আটক ২

**এস আর নিরব, যশোর :** যশোরে অস্ত্র-গুলিসহ তানজিম চাকলাদার রাজিতসহ দুইজনকে আটক করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। রবিবার গভীর রাতে শহরের পুরাতন কসবা কাঠালতলা এলাকা থেকে তাদেরকে আটক করে র‍্যাব-৬ যশোরের সদস্যরা। আটক রাজিত চাকলাদার ওই এলাকার পান্নু চাকলাদারের ছেলে এবং যশোর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সংসদ সদস্য শাহীন চাকলাদারের ভাইপো। যশোর কোতোয়ালী থানার ভারপ্রাপ্ত ২-এর পাতায় দেখুন

## চৌগাছায় বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

**যশোর প্রতিনিধি :** যশোরের চৌগাছায় বিদ্যুৎস্পৃষ্টে সজীব আহমেদ (২৮) নামে এক যুবকের মৃত্যু হয়েছে। তিনি উপজেলার নারয়ণপুর ইউনিয়নের হাজরাখানা গ্রামের আব্দুস সোবাহানের ছেলে। রবিবার সকাল সাড়ে ৭টার দিকে গ্রামের মাঠে জনৈক কামাল হোসেনের বৈদ্যুতিক মটরের তারে জড়িয়ে তার মৃত্যু হয়।

এ ব্যাপারে স্থানীয় ইউপি সদস্য মনিরুজ্জামান মিলন বলেন, সকালে মাঠে কাজ সেরে বাড়ি ফিরছিলেন সজীব। মাঠে জনৈক কামাল হোসেনের পানির পাম্পে নেয়া বৈদ্যুতিক লাইনের তারে জড়িয়ে তিনি পড়ে ছিলেন। মাঠের অন্য কৃষকরা বিষয়টি দেখতে পেয়ে উদ্ধার করে চৌগাছা হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। তিনি বলেন, পরে ২-এর পাতায় দেখুন

## সারা দেশে ৩৪ শিক্ষককে শোকজ




**নিজস্ব প্রতিবেদক :** দেশের বিভিন্ন অঞ্চলের ৩৪ শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)। অনুমোদন ছাড়াই স্কুলে অনুপস্থিত থাকায় তাদের এই নোটিশ দেয়া হয়েছে বলে জানিয়েছে মাউশি।

গতকাল রবিবার মাউশি অধিদপ্তরের মনিটরিং অ্যান্ড ইভাল্যুয়েশন উইংয়ের বরাত দিয়ে এ তথ্য নিশ্চিত করা হয়েছে। শোকজের চিঠিতে সই করেছেন মাউশির সহকারী পরিচালক (মাধ্যমিক-২) এসএম জিয়াউল হক হেনরী।

বৃহস্পতিবার এই চিঠি স্ব স্ব শিক্ষাপ্রতিষ্ঠানে পাঠানো হয়। এতে বলা হয়, জুন মাসে দেশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান ডিজিটাল মনিটরিং সিস্টেমের আওতায় মাধ্যমিকের মাঠ পর্যায়ের কর্মকর্তারা পূর্বঘোষণা ছাড়াই বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন করেন। পরিদর্শনকালে ৩৪ জন শিক্ষককে বিদ্যালয়ে উপস্থিত থাকতে দেখা যায়নি। আগামী পাঁচ কর্মদিবসের মধ্যে উপস্থিত না থাকার সুস্পষ্ট কারণ মাউশিতে পাঠাতে হবে।


শোকজ খাওয়া প্রতিষ্ঠানের মধ্যে শীর্ষে আছে রংপুর। এ অঞ্চলের ১০ জন শিক্ষক অনুপস্থিত ছিলেন। এরপর রাজশাহীর সাতজন, খুলনা অঞ্চলের পাঁচজন, ঢাকা অঞ্চলের চারজন, ময়মনসিংহ অঞ্চলের তিনজন, কুমিল্লা অঞ্চলের দুজন, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট অঞ্চলের একজন রয়েছেন।




## সাতক্ষীরায় বিএনপি নেতা চাঁদের জামিন নামঞ্জুর

**সোহারাফ হোসেন সৌরাভ, সাতক্ষীরা :** প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে হত্যার হুমকির অভিযোগে রাজশাহীর বিএনপি নেতা আবু সাঈদ চাঁদকে জামিন নামঞ্জুর করে জেলহাজতে পাঠানোর নির্দেশ দিয়েছে সাতক্ষীরা আদালত। রোববার বেলা ১১টায় তাকে সাতক্ষীরা চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করা হয়। এসময় তিনি জামিন প্রার্থনা করলে বিচারক মোঃ জিয়ারুল ইসলাম তা নামঞ্জুর করে তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। উল্লেখ্য, গত ১৯ মে তারিখে রাজশাহীর ২-এর পাতায় দেখুন

## ২১ দিনে রেমিট্যান্স এসেছে সাড়ে ১৫ হাজার কোটি টাকা



**স্টাফ রিপোর্টার :** চলতি জুলাই মাসের ২১ দিনে রেমিট্যান্স বা প্রবাসী আয় এসেছে ১৪২ কোটি ৬৩ লাখ ১০ হাজার হাজার মার্কিন ডলার। বাংলাদেশি টাকায় যা ১৫ হাজার ৪৭৫ কোটি টাকা (প্রতি ডলার ১০৮ টাকা ৫০ পয়সা হিসাবে)। গতকাল রোববার এ তথ্য প্রকাশ করে বাংলাদেশ ব্যাংক। মাসের শুরুতে প্রবাসী আয়ের একটি ইতিবাচক ধারা সূচনা করেছিল। তৃতীয় সপ্তাহে এসে থেমে গেছে। চলতি জুলাই মাসের ২১ দিনে প্রতি দিন এসেছে ৬ কোটি ৭৯ লাখ ১৯ হাজার ৫২৩ মার্কিন ডলার। আগের বছরের একই সময়ে প্রতিদিন প্রবাসীরা পাঠিয়েছিলেন ৬ কোটি ৯৮ লাখ ৭৭ হাজার ৩৩৩ মার্কিন ডলার। আবার সদ্য বিদায়ী মাস জুনে প্রতিদিন এসেছিল ৭ কোটি ৩৩ লাখ ৩৩৩ মার্কিন ডলার। তথ্য বিশ্লেষণ করলে দেখা যায়, ২১ দিনে রাষ্ট্রায়ত্ত খাতের বাণিজ্যিক ব্যাংকগুলোর মাধ্যমে প্রবাসী আয় এসেছে ১৮ কোটি ১৪ লাখ ৫০ হাজার মার্কিন ডলার। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকগুলোর মাধ্যমে ২-এর পাতায় দেখুন




## যশোরে যাবজ্জীবন সাজাপ্রাপ্ত মাদক ব্যবসায়ী গ্রেফতার

**যশোর প্রতিনিধি :** যশোরের যাবজ্জীবন সাজাপ্রাপ্ত মাদক ব্যবসায়ী আব্দুর রাজ্জাক ওরুফে লেন্টুকে গ্রেফতার করেছে র‍্যাব-৬ যশোর। রোববার র‍্যাব-৬ যশোর ক্যাম্পের কোম্পানী অধিনায়ক মেজর মোহাম্মদ সাকিব হোসেন'র নেতৃত্বে অভিযান চালিয়ে খুলনার খালিশপুর ২-এর পাতায় দেখুন

## ঢাবি ছাত্র অধিকার পরিষদের ২১ নেতার পদত্যাগ

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার ২১ নেতা একযোগে পদত্যাগ করেছেন।




গতকাল রোববার বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতিতে এক সংবাদ সম্মেলনে আনুষ্ঠানিকভাবে পদত্যাগ করেন তারা।

সংবাদ সম্মেলনে পদত্যাগের ঘোষণা দেন ঢাবি ছাত্র অধিকার পরিষদের সভাপতি আসিফ মাহমুদ। এসময় সাধারণ সম্পাদক আহনাফ সাঈদ খান, যুগ্ম সাধারণ সম্পাদক নুসরাত তাবাসসুমসহ অন্যান্য নেতারা উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে আসিফ মাহমুদ বলেন, বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদ কোটা সংস্কার আন্দোলনের মাধ্যমে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে গড়ে ওঠা একটি ছাত্র সংগঠন। কোনো প্রকার দলীয় লেজুড়বৃত্তি না করে শিক্ষার্থীদের অধিকার আদায়ে সোচ্চার থাকাই ছিল যার অন্যতম লক্ষ্য ও উদ্দেশ্য। বাংলাদেশ ছাত্র ২-এর পাতায় দেখুন



## শ্যামপুর ইউনিয়ন কৃষক লীগের কমিটি ঘোষণা

### সভাপতি জহুর ইসলাম সম্পাদক ফকির মোহাম্মদ

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়ন কৃষক লীগের কমিটি ঘোষণা করা হয়েছে। রবিবার দুপুরের দিকে শ্যামপুর ইউনিয়ন কৃষক লীগের সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ঘোষণা করা হয়। মেহেরপুর জেলা কৃষক লীগের সভাপতি ২-এর পাতায় দেখুন




## মেহেরপুরে পাগল সেজে বাস চুরির অপচেষ্টা

**মেহেরপুর প্রতিদিন :** মেহেরপুরে পাগল সেজে দূরপাল্লার পরিবহন বাস চুরি করতে গিয়ে আবু মুসা (৩০) নামের এক ব্যক্তিকে আটক করা হয়েছে। আটক আবু মুসা ফরিদপুর জেলার ভাঙ্গা থানার মালগ্রামের আবু বক্করের ছেলে। শনিবার দিবাগত রাত দেড় টার দিকে মেহেরপুর শহরের কলেজমোড় এলাকা থেকে জেআর পরিবহনের একটি বাস যার নং (ঢাকা মেট্রো ব ১৪-৭১৯৯) বাস চুরি করে নিয়ে পালিয়ে ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**

# কৃষ্ণসাগর নিয়ে আলোচনায় বসতে যাচ্ছে ন্যাটো-ইউক্রেন

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির অনুরোধে আগামী সপ্তাহে কৃষ্ণসাগরে নিরাপত্তা পরিস্থিতি নিয়ে আলোচনায় বসতে যাচ্ছে ন্যাটো ও ইউক্রেন। এ আলোচনায় রাশিয়ার হুমকি ও আক্রমণের শঙ্কা কাটিয়ে কীভাবে একটি নিরাপদ কোরিডরের মাধ্যমে শস্য রপ্তানি করা যায়, তা নিয়ে কথা হবে বলে জানা গেছে। এর আগে জেলেনস্কি বলেছিলেন, তিনি ন্যাটো মহাসচিব জেনস স্টলটেনবার্গের সঙ্গে টেলিফোনে কথা বলার সময় এ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেছেন। এরপরই জোটের মুখপাত্র ওআনু লুঙ্গেস্কু জানান, শস্যচুক্তি থেকে রাশিয়া বেরিয়ে যাওয়ার পরে কৃষ্ণসাগরের সার্বিক পরিস্থিতি নিয়ে ইউক্রেনের সঙ্গে আলোচনা করবে ন্যাটো-ইউক্রেন কাউন্সিল। এতে বিভিন্ন দেশের রাষ্ট্রদূত উপস্থিত থাকবেন। চলতি বছরের ন্যাটো সম্মেলনে ন্যাটো-ইউক্রেন কাউন্সিল গঠিত হয়। এর উদ্দেশ্য হলো, ইউক্রেনীয় বাহিনী ও মিত্রবাহিনীর মধ্যে ভালো সমন্বয় সৃষ্টি করা, জেলেনস্কির দেশকে দীর্ঘমেয়াদি সহায়তা দেওয়া ও ন্যাটোতে ইউক্রেনের অন্তর্ভূক্তি নিশ্চিতে কাজ করা। লুঙ্গেস্কু বলেন, ফোনালাপে জেলেনস্কি ও ন্যাটো মহাসচিব শস্যচুক্তি থেকে রাশিয়ার বের হয়ে যাওয়া ও খাদ্যশস্য রপ্তানিতে বাধা সৃষ্টির বিষয়ে আলোচনা করেছেন। ন্যাটো মুখপাত্রের দাবি, কৃষ্ণসাগরের মধ্য দিয়ে ইউক্রেনগামী যেকোনো পণ্য পরিবহনকারী জাহাজকে সামরিক উপকরণবাহী নৌযান হিসেবে গণ্য করার যে হুমকি রাশিয়া দিয়েছে, তাতে বিশ্বজুড়ে আবারও খাদ্যসংকট সৃষ্টি হবে। বিপাকে পড়বে তৃতীয় বিশ্বের লাখ লাখ মানুষ। জেলেনস্কি শনিবার রাতের এক ভিডিওবার্তায় বলেন, ন্যাটো-ইউক্রেন কাউন্সিল পারস্পারিক সহযোগিতাকে একটি নতুন ও উন্নত স্তরে নিয়ে গেছে। এ কাউন্সিলের কর্মকাণ্ড ও সিদ্ধান্ত রাশিয়ার ওপর বড় প্রভাব ফেলতে পারে। এদিকে রাশিয়া বলেছে, খাদ্য ও সার রপ্তানি নিশ্চিত করতে মস্কো যেসব দাবি জানিয়েছিল, পশ্চিমা দেশগুলো সেগুলো উপেক্ষা করছে। আর এ কারণেই তারা শস্যচুক্তি প্রত্যাহার করেছে। দাবি পূরণ না হওয়া পর্যন্ত এই চুক্তিতে আর ফিরবে না বলেও জানিয়েছে রাশিয়া। গত ১৩ জুলাই রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছিলেন, শিপিং ও বিমার ওপর পশ্চিমা নিষেধাজ্ঞা আমাদের খাদ্য ও সার রপ্তানিকে বাধাগ্রস্ত করেছে। তাই এ নিষেধাজ্ঞা প্রত্যাহার না করা হলে, মস্কো শস্যচুক্তি থেকে নিজেকে সরিয়ে নেবে। রাশিয়া এ চুক্তি নবায়নে রাজি না হওয়ার পরপরই জাতিসংঘের সহায়তা প্রধান নিরাপত্তা পরিষদকে বলেছিলেন, ক্রেমলিনের এ সিদ্ধান্তে শস্যের দাম বেড়ে যাবে ও বিশ্বের লাখ লাখ মানুষ খাদ্যসংকটে পড়বে। সূত্রঃ রয়টার্স

# গ্রিসে ভয়াবহ দাবানল : বাড়িঘর ছেড়ে পালাচ্ছে মানুষ

**আন্তর্জাতিক ডেস্ক :** গ্রিসের পর্যটন এলাকা রোডস দ্বীপের বিস্তৃত এলাকায় দাবানল ছড়িয়ে পড়ায় হাজার হাজার মানুষকে ঘরবাড়ি ও হোটেল থেকে সরিয়ে নেয়া হয়েছে। দেশটির ফায়ার সার্ভিস বলছে, দাবানল দিন দিন ভয়াবহ রূপ নিচ্ছে। এখন পর্যন্ত ৩০ হাজারের মত মানুষকে সরিয়ে নিতে বাধ্য হয়েছে কর্তৃপক্ষ। গত শনিবার এক প্রতিবেদনে এসব জানায় আল জাজিরা। প্রতিবেদনে বলা হয়, গ্রীক কোস্টগার্ড জানায়, পর্যটকদের কাছে জনপ্রিয় ভূমধ্যসাগরীয় দ্বীপের পূর্বে কিওটারি এবং লারডোস সৈকত থেকেও লোকজন সরিয়ে নেয়া হচ্ছে। রোডস মিউনিসিপ্যালিটির কর্মকর্তা টেরিস হাটজিওনউ জানান, কয়েক ডজন বাসের সাহায্যে কোস্টগার্ডের সদস্যরা, সশস্ত্র বাহিনী এবং স্থানীয় কর্তৃপক্ষের কর্মীরা আগুন থেকে লোকজনকে সরিয়ে নিচ্ছে। কিছুকিছু রাস্তার প্রবেশপথ আগুনে বন্ধ হয়ে গেছে। শনিবার দাবানল পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে জানিয়ে তিনি বলেন, তবে এখন পর্যন্ত কারও আহত হবার ঘটনা ঘটেনি। তারা বলছে, দ্বীপটির যেসব এলাকা বেশি আক্রান্ত সেখান থেকে পর্যটকদের নিরাপদে অন্য জায়গায় নিয়ে যাওয়া হয়েছে। পাঁচটি হেলিকপ্টার এবং ১৭৩ জন দমকল কর্মী ওই এলাকায় কাজ করছে। আগুনে তিনটি হোটেল ক্ষতিগ্রস্ত হওয়ার তথ্য পাওয়া গেছে। যেসব এলাকায় ক্ষয়ক্ষতি বেশি তার মধ্যে আছে লায়েরমা, লারডোস ও আস্কলিপিও। এদিকে এ সময়টাকে গ্রিসের ৫০ বছরের ইতিহাসে সবচেয়ে গরম সময় বলে অভিহিত করে শনিবার সতর্কবার্তা দেয় দেশটির জাতীয় আবহাওয়া ইনস্টিটিউট। চলতি সপ্তাহের শুরুতেই দেশটিতে তাপমাত্রা ৪০ ডিগ্রিতে উঠবে বলে পূর্বাভাস দিয়েছে সংস্থাটি। ন্যাশনাল অবজারভেটরির গবেষণা পরিচালক কোস্টাস লাগোয়ার্দোস ইআরটি টেলিভিশনকে জানান, আমরা সম্ভবত ১৬-১৭ দিনের মধ্যে একটি তাপপ্রবাহের মধ্য দিয়ে যাব, যা আমাদের দেশে আগে কখনও ঘটেনি। এদিকে জরুরী স্বাস্থ্য কর্মীরা জানিয়েছেন, গত তিন দিনে কমপক্ষে ৩৮ জন হিটস্ট্রোক রোগী পেয়েছেন তারা। এ ছাড়া তাপ সংক্রান্ত আরও রোগী বাড়ছে হাসপাতালগুলোতে। তাই মানুষকে প্রয়োজন না থাকলে বাসার বাইরে বের না হওয়ার পরামর্শ দেয়া হয়েছে স্থানীয় কর্তৃপক্ষ থেকে।



# ভারতে ভূমিধসে নিহত বেড়ে ২৭, নিখোঁজ ৫০

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের মহারাষ্ট্র রাজ্যে একটি বিশাল ভূমিধসের ফলে মৃতের সংখ্যা রোববার ২৭ জনে পৌঁছেছে, অন্তত ৫০ জন এখনও নিখোঁজ রয়েছে। উদ্ধারকারী দল প্রবল বৃষ্টিতে উদ্ধার প্রচেষ্টা অব্যাহত রেখেছে। বৃষ্টির কারণে বৃহস্পতিবার রায়গড় জেলার একটি গ্রামে ভূমিধসের সূত্রপাত হয়, মুম্বাই থেকে প্রায় ১০০ কিলোমিটার (৬২ মাইল) দূরে একটি পাহাড়ি ও বনভূমিতে এ ভূমিধসের ঘটনা ঘটে। জরুরি দলগুলো মাটি ও ধ্বংসস্তূপের নিচ থেকে মৃতদেহগুলো উদ্ধারে খনন কাজ চালিয়ে যাচ্ছে। রায়গড়ের কর্মকর্তা যোগেশ মাসে এএফপিকে বলেছেন, 'আমরা এখনও পর্যন্ত ২৭টি মৃতদেহ গণনা করেছি এবং প্রায় ৫০ থেকে ৬০ জন এখনও নিখোঁজ রয়েছে, তবে ঘটনাস্থলে উদ্ধার কাজের জন্য একাধিক চ্যালেঞ্জ রয়েছে।' মাসে বলেন, দুর্গম গ্রামটি নিকটতম রাস্তা থেকে প্রায় পাঁচ কিলোমিটার দূরে ছিল। তিনি বলেন, 'কোন ভারী যন্ত্রপাতি এই সাইটে পৌঁছাতে পারে না, আমাদের কাছে কেবল ছোট মেশিন রয়েছে এবং বেশিরভাগ কাজ ম্যানুয়ালি করতে হয়।



# ওডেসায় ক্ষেপণাস্ত্র হামলায় ক্যাথেড্রাল বিধ্বস্ত, ব্যাপক ক্ষয়ক্ষতি

**আন্তর্জাতিক ডেস্ক :** ইউক্রেনের বন্দর শহর ওডেসাতে রুশ ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত একজন নিহত হয়েছেন। আহত হয়েছেন অন্তত ১৯ জন। হামলায় একটি অর্থোডক্স ক্যাথেড্রাল ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। ইউক্রেনীয় কর্মকর্তারা এসব নিশ্চিত করেছেন। ওডেসার গভর্নর ওলেগ কিপার টেলিগ্রাম মেসেজিং অ্যাপে বলেছেন, রবিবারের বিমান হামলায় আহতদের মধ্যে কয়েকজন শিশু রয়েছে। তিনি বলেন, 'রাতের অন্ধাকারে রুশ দানবরা আরও একটি হামলা চালিয়েছে। হাসপাতালে ১৪ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে, তাদের মধ্যে ৩ জন শিশু।' হামলায় ছয়টি বাড়ি এবং অ্যাপার্টমেন্ট বিল্ডিংও ধ্বংস হয়ে গেছে বলে জানিয়েছেন গভর্নর ওলেগ। গত সপ্তাহে শস্যচুক্তি থেকে সরে আসার পর থেকেই ইউক্রেনের বন্দরগুলোতে হামলা তীব্র করেছে রুশ বাহিনী। প্রায় প্রতিদিনই হচ্ছে হামলা। এতে ব্যাহত হচ্ছে খাদ্য পরিবহন। যার প্রভাব পড়ছে গোটা বিশ্বে। বিশেষ করে দরিদ্র্য দেশের জনগণ পড়বে চরম খাদ্য ঝুঁকিতে। ইউক্রেনের বিমান বাহিনী রোববার টেলিগ্রামে জানায়, ওডেসাতে অনিক্স ক্ষেপণাস্ত্র এবং সাগর থেকে কালিব্র ক্রুজ ক্ষেপণাস্ত্র ছুড়েছে রাশিয়া। শহরের সামরিক প্রশাসন বলছে, বিমান প্রতিরক্ষা ব্যবস্থা ক্ষেপণাস্ত্রগুলোর একটি 'উল্লেখযোগ্য অংশ' ধ্বংস করেছে।

# কোরান পোড়ানো: সুইডেনের কড়া সমালোচনা করলেন ইরানের খামেনি

**আন্তর্জাতিক ডেস্ক :** ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনি বলেছেন, কোরানের অবমাননাকারীদের 'ভয়াবহ কঠিন শাস্তির মুখোমুখি করা উচিত', আর এদের সহযোগিতা করার মাধ্যমে সুইডেন 'মুসলিম বিশ্বের বিরুদ্ধে যুদ্ধংদেহী অবস্থান নিয়েছে'। গত শনিবার তিনি এসব বলেছেন বলে জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। বাকস্বাধীনতার সুরক্ষা আইনের অধীনে সুইডেন কোরান পোড়ানোর অনুমতি দেওয়ার পর ইরাক ও ইরানজুড়ে লাখ লাখ মানুষ তুমুল বিক্ষোভে ফেটে পড়ে। ইরাকের বিক্ষোভকারীরা গত বৃহস্পতিবার বাগদাদের সুইডিশ দূতাবাসে আগুনও দিয়েছে। গত মাসে ইরাকি এক শরণার্থী স্টকহোমের একটি মসজিদের বাইরে কোরান পোড়ান। গত বৃহস্পতিবার স্টকহোমের ইরাক দূতাবাসের বাইরে একদল বিক্ষোভকারী একটি বইতে লাথি দেয় এবং সেটা আংশিক নষ্ট করে। বইটি কোরান ছিল বলে দাবি করেছে তারা। সেটি পোড়ানোরও হুমকি দিয়েছিল তারা, যদিও তা তারা করেনি বলে জানিয়েছেন একাধিক প্রত্যক্ষদর্শী। সুইডেনের কর্মকর্তারা বলেছেন, তারা এ কর্মকাণ্ডের নিন্দা জানালেও সেটা আটকানোর ক্ষমতা ছিল না তাদের। এ ঘটনায় দায়ীদের বিচার করতে তাদেরকে মুসলিম দেশগুলোর হাতে তুলে দিতে খামেনি সুইডেনের প্রতি আহ্বান জানিয়েছেন বলে জানিয়েছে ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম। "সব মুসলিম পণ্ডিতরাই একমত হবেন যে, কোরানের অবমাননাকারীর সবচেয়ে কঠোর শাস্তি পাওনা। সুইডেনের সরকারের দায়িত্ব হচ্ছে এ ধরনের কর্মকাণ্ডে জড়িতদের ইসলামি দেশগুলোর বিচার ব্যবস্থার হাতে সমর্পণ করা। "সুইডেনের সরকারের জানা উচিত, কোরান পোড়ানো অপরাধীদের সমর্থন করার মাধ্যমে তারা মূলত মুসলিম বিশ্বের বিরুদ্ধে যুদ্ধংদেহী অবস্থান নিয়েছে," বিবৃতিতে বলেছেন ইরানের এ সর্বোচ্চ ধর্মীয় নেতা। এ প্রসঙ্গে তাৎক্ষণিকভাবে সুইডেনের সরকারের প্রতিনিধির কোনো মন্তব্য পাওয়া যায়নি।

# মেক্সিকোয় অগ্নিকাণ্ডে ১১ জনের মৃত্যু

**আন্তর্জাতিক ডেস্ক :** মেক্সিকোর একটি পানশালা থেকে বের করে দেওয়া হয় এক ব্যক্তিকে যুবক। এতে ক্ষুব্ধ হয়ে ওই পানশালায় আগুন লাগিয়ে দেয় সে। এ ঘটনায় পুড়ে মারা গেছেন অন্তত ১১ জন। এ ঘটনায় দগ্ধ হয়েছেন আরও চারজন। স্থানীয় সময় গত শুক্রবার রাতে যুক্তরাষ্ট্র সীমান্তবর্তী সান লুইস রিও কলোরাডোতে ঘটনাটি ঘটেছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছে, নারীদের সঙ্গে বাজে ব্যবহার করায় তাকে বের করে দেওয়া হয়। এতে ক্ষুব্ধ হয়ে মাতাল ওই ব্যক্তি পানশালায় একটি মোলোটভ ককটেল ছুড়ে মারে। সান লুইস রিও কলোরাডোর মেয়র শনিবার বিকেলে এক টুইট বার্তায় বলেন, "পানশালায় আগুন দেওয়ার ঘটনায় একজন সন্দেহভাজনকে গ্রেপ্তার করা হয়েছে। যদিও পরিচয় এখনও প্রকাশ করা হয়নি। আগুনে পুড়ে মারা যাওয়া ১১ জনের মধ্যে সাতজন পুরুষ ও চারজন নারী। আহত আরও চারজনকে হাসপাতালে পাঠানো হয়েছে।"

# ফিটনেস বাড়াতে মলে হাঁটছে সৌদিরা

**আন্তর্জাতিক ডেস্ক :** মলে হাঁটা এখন সৌদি আরবের সর্বশেষ ফিটনেস প্রবণতা হয়ে দাঁড়িয়েছে। যেকোনো মলে গেলেই দেখা যায়, লোকেরা লম্বা লম্বা পদক্ষেপে হেঁটে বেড়াচ্ছে। যখন আবহাওয়া উষ্ণ থাকে, তখন মলে হাঁটা বৃদ্ধি পায়। এতে অস্বস্তি কমে। একইসাথে ক্যালোরি বার্ন করার সময়ও বিক্রয়ের দিকে নজর রাখা যায়। হাঁটাহাঁটিকে মৌলিক ও উপকারী ব্যায়াম ধরা হয়। ধাপে ধাপে সময় মেপে হাঁটাহাঁটি ফিটনেস অর্জনের দারুণ কৌশল। তাই অনেক পুরুষ ও নারী মলে ঘণ্টার পর ঘণ্টা হাঁটাহাঁটি করে থাকেন। রিয়াদের ৪০ বছর বয়সী সৌদি নাগরিক মানাল আলানাজি আরব নিউজকে বলেছেন, 'আমি রাতে হাঁটতে পছন্দ করি। মলের চারপাশে হাঁটা আমার সেরা জিম-বিকল্প। কারণ, আমি আমার বাড়ির আশপাশে হাঁটার চেয়ে সেখানে অধিক নিরাপদ বোধ করি। প্রতিটি গেটে ও মলের চারপাশে একজন করে নিরাপত্তা প্রহরী থাকে।' রিয়াদের আল-নাখিল মলের নিরাপত্তা প্রহরী আহমেদ সাঈদ বলেন, মহিলাদের তুলনায় পুরুষদের মলে হাঁটার সংখ্যা বেশি। তিনি বলেন, 'আমি দীর্ঘ দিন প্রহরী ছিলাম। তাই বলতে পারি, কখন লোকেরা কেনাকাটা করতে আসে। আর কখন আসে ব্যায়াম করতে। তিনি দাবি করেন, বিশেষ করে রমজান মাসে মলে হাঁটা জনপ্রিয়। এর এক কারণ তো ঈদের কেনাকাটা। বেশিরভাগ কারণ হলো ঈদের আগে মানুষ তাদের ওজন ঠিক রাখতে বা ওজন কমানোর চেষ্টা করে।' সৌদি আরবজুড়ে মলের সংখ্যা বৃদ্ধির সাথে সাথে মল ওয়াকারদের সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে পূর্বাঞ্চলীয় প্রদেশের ৫৮ বছর বয়সী অবসরপ্রাপ্ত প্রকৌশলী সাঈদ আবদুল্লাহ বলেছেন, প্রতিটি মল ব্যায়াম করার জন্য উপযুক্ত নয়। তিনি বলেন, 'আমি দাম্মামে থাকি। যদিও এখানে বেশ কয়েকটি মল আছে, আমি আমার প্রতি দিনের হাঁটার জন্য শুধুমাত্র একটি নির্দিষ্ট মলে যাই। কারণ, এটি একটি ইনডোর রানিং ট্র্যাকের মতো করে গঠন করা হয়েছে।' মলে হাঁটা বিশেষত বয়স্ক নাগরিকদের জন্য উপযুক্ত, যারা ভিড়ের জিমে যেতে চান না এবং যাদের জন্য অনেক খেলাধুলা এখন শারীরিক ঝুঁকি তৈরি করতে পারে। রিয়াদের একটি জিমের ফিটনেস প্রশিক্ষক ফাতমাহ আলোমার বলেন, 'আমরা প্রবীণ নাগরিকদের খুব কমই দেখি। আমাদের জিমের সদস্যদের বেশিরভাগই অল্পবয়সী মেয়ে ও মধ্যবয়সী নারী। অ্যালোমার আরো বলেন, 'সাম্প্রতিক বছরগুলোতে আমরা প্রবীণ নাগরিকদের আকৃষ্ট করতে আমাদের জিমে একটি ইনডোর রানিং ট্র্যাক যুক্ত করেছি। হাঁটুর ব্যথায় ভুগছেন এমন ব্যক্তিদের সাহায্য করার জন্য এক সেট মেশিনও রেখেছি। মল-হাঁটার প্রবণতা প্রমাণ করে যে শহরের লোকজন শারীরিক সুস্থতার জন্য সৃজনশীল উপায়ের সন্ধান পেয়েছে।
স্পোর্টস বুলেভার্ড। রিয়াদে তৈরি করা মেগাপ্রকল্পগুলোর মধ্যে একটি।



# ধর্মীয় বিষয় নিয়ে আইনস্টাইনের চিঠি নিলামে

**আন্তর্জাতিক ডেস্ক :** মহাবিজ্ঞানী আলবার্ট আইনস্টাইনের লেখা একটি চিঠি নিলামে উঠেছে। চিঠির বিষয়বস্তু মহাবিশ্বের সৃষ্টি। যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া অঙ্গরাজ্যের আর্ডমোরে চিঠিটি নিলামে তুলেছে রাব কালেকশন নামের একটি প্রতিষ্ঠান। চিঠিটির দাম ধরা হয়েছে এক লাখ ২৫ হাজার ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় এক কোটি ৩৫ লাখ টাকা। যুক্তরাষ্ট্রের কয়েকজন ইহুদি ছাত্রের করা প্রশ্নের পরিপ্রেক্ষিতে এক বিশিষ্ট ইহুদি র‍্যাবাই বা যাজকের স্ত্রীর উদ্দেশে ১৯৫০ সালের ১১ এপ্রিল চিঠিটি লেখেন আইনস্টাইন। জন্মসূত্রে ইহুদি আইনস্টাইন ওই চিঠিতে বলেন, একজন বিজ্ঞানী তোরায় বর্ণিত জেনেসিস বা সৃষ্টির গল্পে বিশ্বাস করতে পারেন না। তাঁর যুক্তি ছিল, বিজ্ঞান বরং এ ধরনের ধারণাকে প্রতিস্থাপন করে। রাব কালেকশন বলছে, অন্যান্য চিঠিতেও ঈশ্বর ও ইহুদি ধর্ম নিয়ে নিজের দৃষ্টিভঙ্গি ব্যাখ্যা করেছেন আইনস্টাইন।

# তরুণদের জন্য ওয়েব সিরিজ ও চলচ্চিত্র নির্মাণ কর্মশালা

**বিনোদন প্রতিবেদক :** রাজশাহী বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ এবার তরুণদের জন্য ওয়েব সিরিজ ও চলচ্চিত্র নির্মাণের প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করেছে। এতে তথ্যচিত্র নির্মাতা ড. সাজ্জাদ বকুল, কলকাতার তথ্যচিত্র নির্মাতা শান্তনু সাহা, বাংলাদেশের চলচ্চিত্রনির্মাতা ও সিনেমাটোগ্রাফার শাহারিয়ার চয়ন এবং চলচ্চিত্র সম্পাদক রোকনুজ্জামান রিপন প্রশিক্ষণ প্রদান করবেন। রোববার এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে আগামী ২৮ থেকে ৩০ জুলাই রাজশাহীর কাজলায় হেরিটেজ আর্কাইভসের সম্মেলনকক্ষে তিনদিন ব্যাপী এই কর্মশালা অনুষ্ঠিত হবে। তরুণরা ছাড়াও যেকোনো প্রতিষ্ঠানের যে কেউ এ প্রশিক্ষণে অংশ নিতে পারবেন। ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজ অব বাংলাদেশের অ্যাফিলিয়েটেড এই সংগঠন প্রতিষ্ঠার পর থেকেই 'মুক্তবুদ্ধির চর্চায় চলচ্চিত্র'-এ স্লোগান নিয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সুস্থধারার চলচ্চিত্রচর্চায় আগ্রহী করে তোলার জন্য কাজ করে যাচ্ছে রাজশাহী বিশ্ববিদ্যালয় চলচ্চিত্র সংসদ। এই সংসদের পক্ষ থেকে চলচ্চিত্র বিষয়ক বিভিন্ন দিবস উদযাপন, 'দুই বাংলার চলচ্চিত্র উৎসব' সহ নানান ধরনের চলচ্চিত্র উৎসব আয়োজন, চিত্রনাট্য রচনা, চলচ্চিত্র নির্মাণসহ নানান বিষয়ে কর্মশালার আয়োজন করা, মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনীসহ নানান চলচ্চিত্র উৎসব আয়োজন করা হয়।

## বিনোদন

# এবার হুগলির 'দাউদ ইব্রাহিম' মোশাররফ করিম

**বিনোদন প্রতিবেদক :** বছর দুয়েক আগে টলিউডে অভিষেক হয় বাংলাদেশের দাপুটে অভিনেতা মোশাররফ করিমের। ব্রাত্য বসুর নির্মাণে 'ডিকশনারি' ছবির মাধ্যমে তাকে প্রথমবার কলকাতার মানুষ বড় পর্দায় দেখে। ছবিটি প্রশংসাও পায় বেশ। সেই সুবাদে একই নির্মাতার নতুন ছবিতেও ডাক পান মোশাররফ। ২০২১ সালের মে মাসেই আসে ছবিটির ঘোষণা। দুই বছর পর অবশেষে সামনে এলো সেই সিনেমার ঝলক। ফার্স্টলুক দিয়ে প্রচারণা পর্ব শুরু করলেন নির্মাতা-প্রযোজকরা। ছবিটির নাম 'হুব্বা'। ফার্স্টলুকে দেখা গেলো, গলায় গাঁদা ফুলের মালা জড়িয়ে হাসছে হুব্বা, হাতে রয়েছে পিস্তল। তার দুই পাশে আটজন সহকারী একই ভঙ্গিমায় তাকিয়ে। ছবিটির গল্প আবর্তিত হয়েছে পশ্চিমবঙ্গের হুগলি জেলার হুব্বা শ্যামল নামের এক গ্যাংস্টারের ঘটনায়। নব্বই দশকের শেষ দিকে যার আধিপত্য ছিল হুগলিজুড়ে। তাকে বলা হতো 'হুগলির দাউদ ইব্রাহিম'। খুন, মারামারি, মাদক পাচার ইত্যাদি বহু অপরাধে জড়িত ছিল হুব্বা। অসংখ্য মামলা ছিল তার নামে। সেসব কাটিয়ে নির্বাচনেও দাঁড়িয়েছিল হুব্বা। নানা নাটকীয়তায় ভরা তার জীবনের সমাপ্তি ঘটে ২০১১ সালে; বৈদ্যবাটির খালে পাওয়া যায় তার ভাসমান মরদেহ। ব্রাত্য বসুর এই সিনেমায় সেই হুব্বা শ্যামলের ভূমিকায় অভিনয় করেছেন মোশাররফ করিম। তার সঙ্গে আছেন পৌলমী বসু-সহ কলকাতার নাট্যজগতের বেশ কয়েজন শিল্পী। ছবিটি নিয়ে আনন্দবাজারকে নির্মাতা ব্রাত্য বসু বললেন, "থ্রিলার এবং কমেডির মিশেলে তৈরি করা হয়েছে এই ছবি। হুব্বা শ্যামল 'হুগলির দাউদ ইব্রাহিম' নামে পরিচিত ছিলেন। এই ছবির মাধ্যমে আমি পরিবর্তিত রাজনৈতিক পরিস্থিতি এবং অপরাধ জগতের চিত্রই ফুটিয়ে তোলার চেষ্টা করেছি।" 'হুব্বা' প্রযোজনা করেছেন ফিরদৌসুল হাসান। ব্রাত্য-মোশাররফের আগের কাজ 'ডিকশনারি'র প্রযোজকও তিনি। তার ভাষ্য, "আমি বিশ্বাস করি, ভালো ছবি তৈরি হয় শুধুমাত্র বড় পর্দার জন্যই। 'ডিকশনারি'-র পর ব্রাত্যর সঙ্গে আমার এটা দ্বিতীয় কাজ।



# ওটিটিতে মুক্তি পাচ্ছে 'পাতালঘর'

**বিনোদন ডেস্ক :** কাধিক আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে সুনাম কুড়ানো তারকাবহুল সিনেমা 'পাতালঘর' মুক্তি পাচ্ছে আগামী ২৭ জুলাই। তবে সিনেমা হলে নয় ওটিটি প্লাটফর্ম চরকিতে মুক্তি পাচ্ছে সিনেমাটি। নুর ইমরান মিঠুর পরিচালনায় সিনেমাটিতে অভিনয় করেছেন আফসানা মিমি, নুসরাত ফারিয়া, মামুন-উর-রশিদ, সালাউদ্দিন লাভলু, গিয়াস উদ্দিন সেলিম, ফজলুর রহমান বাবু, নাজিয়া হক অর্ষা, মামুন-উল-হক, দীপান্বিতা মার্টিন, রওনক হাসান, নাসির উদ্দিন খান, মৌটুসি বিশ্বাস, আরফান মৃধা শিবলু, শাদাত রাসেল, হাসনাত রিপন, চন্দনা বিশ্বাসসহ অনেকেই। সিনেমায় ফারিয়া অভিনয় করেছেন একজন নায়িকার চরিত্রে, তার মায়ের চরিত্রে আছেন আফসানা মিমি। ক্যামেরার পেছনে কাজ করা সালাউদ্দিন লাভলু ও গিয়াসউদ্দিন সেলিম এবারই প্রথম একসঙ্গে সিনেমায় অভিনয় করলেন। সিনেমায় তারা দুই ভাই। বড় ভাই সালাউদ্দিন লাভলুর মেয়ের চরিত্রে দেখা যাবে নুসরাত ফারিয়াকে। 'পাতালঘর' সিনেমাটি বক্স অফিস নিবেদিত এবং গল্প রাজ্য ফিল্মস-এর প্রযোজনায় ও ইমপ্রেস টেলিফিল্ম লিমিটেড ও বাতায়ন প্রোডাকশনের সহযোগিতায় নির্মিত হয়েছে সিনেমাটি। আবু শাহেদ ইমনের সঙ্গে নির্বাহী প্রযোজক হিসেবে আছেন মীর মোকাররম হোসেন এবং সহ-প্রযোজক হিসেবে আছেন ইমপ্রেস টেলিফিল্মের ব্যবস্থাপনা পরিচালক ফরিদুর রেজা সাগর ও বাতায়ন প্রোডাকশনের তাহরিমা খান।





# তাহসানকে পৈত্রিক নিবাসে নিয়ে গেলেন হানিফ সংকেত

**বিনোদন প্রতিবেদক :** 'ইত্যাদি'র শুটিংয়ের জন্য তাহসানকে পৈত্রিক নিবাস মুন্সীগঞ্জে নিয়ে গেলেন হানিফ সংকেত। এবারের পর্ব ধারণ করা হয়েছে পদ্মা-মেঘনা-ধলেশ্বরী-ইছামতি নদী বিধৌত মুন্সীগঞ্জে। মঞ্চ নির্মাণ করা হয়েছে ইছামতি নদীর তীরে ঐতিহ্যবাহী প্রত্ন নিদর্শন ইদ্রাকপুর কেল্লার সামনে পুকুরের মাঝখানে। কেল্লার আদলে তৈরি করা হয়েছে দৃষ্টিনন্দন ভাসমান মঞ্চ। দূর থেকে দেখে মনে হচ্ছিল কেল্লার সামনে আরেকটি ভাসমান কেল্লা। হানিফ সংকেত জানান, অনুষ্ঠানটি ধারণ করা হয় ১৪ জুলাই। 'ইত্যাদি'র ধারণ উপলক্ষে এদিন মুন্সীগঞ্জে ছিল উৎসবের আমেজ। কেল্লার সামনের পুরো চত্বর এবং পুকুরের চারপাশ ছিলো দর্শকপূর্ণ। তবে কেল্লা চত্বরে স্থানাভাবে অনেক দর্শকই ভেতরে প্রবেশ করতে পারেনি। তাই কেল্লার সামনে রাস্তায় এবং চারিদিকের বাড়িঘরের ছাদেও ছিলো দর্শকদের উপচে পড়া ভিড়। শুটিং চলে সন্ধ্যা ৬টা থেকে রাত ১১টা পর্যন্ত। এই দীর্ঘ সময়ে দর্শকরা অবাক বিস্ময়ে দেখেছেন হানিফ সংকেতের নির্মাণ ধকল আর নৈপুণ্য। এবারের অনুষ্ঠানে মুন্সীগঞ্জের সন্তান তাহসান পরিবেশন করেছেন একটি নতুন গান। গানটির কথা লিখেছেন কবির বকুল, সুর ও সংগীতায়োজন করেছেন সাজিদ সরকার। লোকগানের সম্রাট আবদুল আলীমের গাওয়া একটি গান নতুন সংগীতায়োজনে গেয়েছেন সৈকত শিশু জাহিদ, বাদশা আর শাহজাহান। গানটির সংগীতায়োজন করেছেন আকাশ মাহমুদ। রয়েছে মুন্সীগঞ্জ জেলাকে নিয়ে একটি পরিচিতিমূলক গানের সঙ্গে স্থানীয় প্রায় শতাধিক নৃত্যশিল্পীর নাচ। পদ্মাপাড়ে ধারণকৃত গানটির কথা লিখেছেন কবির বকুল ও সুর করেছেন হানিফ সংকেত, সংগীতায়োজন করেছেন মেহেদি, কণ্ঠ দিয়েছে পুলক ও তানজিনা রুমা। নৃত্য পরিচালনা করেছেন মনিরুল ইসলাম মুকুল। নির্বাচিত দর্শকদের সঙ্গে অংশগ্রহণ করেছেন পূর্ব প্রজন্মের শিল্পী ফেরদৌস ওয়াহিদ এবং বর্তমান প্রজন্মের শিল্পী বালাম। যাদের বাড়িও মুন্সীগঞ্জে। নির্বাচিত দর্শক এবং আমন্ত্রিত শিল্পীদ্বয় গেয়েছেন ফেরদৌস ওয়াহিদের একটি জনপ্রিয় গানসহ তার প্রয়াত ৪ বন্ধু আজম খান, ফিরোজ সাঁই, ফকির আলমগীর এবং পিলু মমতাজের একটি করে জনপ্রিয় গানের অংশবিশেষ। এবারের অনুষ্ঠানে নিরাপদ খাদ্য সম্পর্কে সবার সচেতনতা বাড়াতে একটি ছোট্ট নাটিকা করা হয়। এতে অভিনয় করেছেন অভিনয় তারকা মীর সাব্বির, শাহেদ আলী ও শামীম আহমেদ। এছাড়াও মুন্সীগঞ্জ মঞ্চে যথারীতি সমসাময়িক বিভিন্ন প্রসঙ্গ নিয়ে রয়েছে নানি-নাতির কথার মাতামাতি। নিয়মিত অন্যান্য পর্বসহ রয়েছে বিভিন্ন সমসাময়িক ঘটনা নিয়ে বেশ কিছু সরস অথচ তীক্ষ্ণ নাট্যাংশ। টেলিভিশনে 'বিকৃত উচ্চারণ' এবং 'ভাষা ব্যঙ্গ', ভিউ দিয়ে শিল্পীর মান বিচার, সততার শিক্ষা, অনলাইন যেখানে অফলাইন, তৈল বনাম ভাগ্যগুণ, কৃষকের কথা, অপ্রিয় সত্যসহ বিভিন্ন বিষয়ের ওপর রয়েছে বেশ কয়েকটি নাট্যাংশ। এবারের 'ইত্যাদি'তে অভিনয় করা উল্লেখযোগ্য শিল্পীরা হলেন- সোলায়মান খোকা, জিয়াউল হাসান কিসলু, মাসুম বাশার, শুভাশিস ভৌমিক, জিল্লুর রহমান, শবনম পারভীন, মিলি বাশার, আমিন আজাদ, কামাল বায়েজিদ, বিনয় ভদ্র, ইকবাল হোসেন, নিপু, বিলু বড়ুয়া, সুজাত শিমুল, মুকিত জাকারিয়া, তারিক স্বপন, আনোয়ার শাহী, সাবরিনা নিসা, নজরুল ইসলাম, সুবর্ণা মজুমদার, জামিল হোসেন, আবু হেনা রনি, আনোয়ারুল আলম সজল, সাজ্জাদ সাজু, জাহিদ শিকদার, বেলাল আহমেদ মুরাদ, রবিন চৌধুরী, বাহার, মতিউর রহমান, রিমু রোজা খন্দকারসহ অনেকে। বরাবরের মতো এবারও 'ইত্যাদি'র শিল্প নির্দেশনা ও মঞ্চ পরিকল্পনায় ছিলেন মুকিমুল আনোয়ার মুকিম। পরিচালকের সহকারী হিসাবে ছিলেন যথারীতি রানা সরকার ও মোহাম্মদ মামুন।

# শ্রোতাদের প্রশংসায় ভাসছেন ইমরানের হিন্দি গান

**বিনোদন প্রতিবেদক :** নতুন এ গানে গায়ক ইমরানের সঙ্গে কণ্ঠ দিয়েছেন ভারতের অনন্যা শ্রীতম নন্দা। নতুন এ গানটির সুর ও সংগীত করেছেন কাশি কাশ্যপ। শুক্রবার বিকেলে গানটি 'আলট্রা বলিউড'-এর ইউটিউব ও ফেসবুক পেজে মুক্তি পায়। গায়ক নিজের ফেসবুকেও এ হিন্দি গানটি ভক্তদের সঙ্গে শেয়ার করেন। নেটদুনিয়ায় গানটি মুক্তি পাওয়ার পরই শ্রোতাদের প্রশংসায় ভাসছেন কণ্ঠশিল্পী ইমরান। কারণ ইমরানের গাওয়া হিন্দি গানটি ছিল ভারতীয় জনপ্রিয় শিল্পী অরিজিতের গাওয়া একটি বাংলা গান। বাংলা সিনেমা 'ঢাকা অ্যাটাক'-এর জন্য 'টুপটাপ' শিরোনামে একটি গানে কণ্ঠ দেন অরিজিৎ। সম্প্রতি 'ঢাকা অ্যাটাক' সিনেমাটির হিন্দি সংস্করণ করেছে স্ট্রিমিং প্ল্যাটফর্ম 'আলট্রা ইন্ডিয়া'। বাংলা এ গানটির হিন্দি সংস্করণের জন্য প্রতিষ্ঠানটি দুই মাস আগে বাংলাদেশের কণ্ঠশিল্পী ইমরানকে পছন্দ করে। গায়কের সঙ্গে ইনস্টাগ্রামের মাধ্যমে যোগাযোগ করেন সুরকার কাশি কাশ্যপ। অনলাইনেই গানের সব কথাবার্তা চূড়ান্ত হয়। সুর অনুযায়ী, ঢাকায় বসেই হিন্দি গানটি তৈরি করে ইমরান অনলাইনে পাঠিয়ে দিলে কোনো সংশোধনী ছাড়াই তা চূড়ান্ত করে আলট্রা ইন্ডিয়া।

# হিন্দি ছবি থেকে বাদ পড়লো 'খেলা হবে'

**বিনোদন প্রতিবেদক :** আলিয়ার মুখে 'খেলা হবে' সংলাপের কারণে 'রকি অউর রানি কি প্রেম কাহানি'র ট্রেলার আলোড়ন সৃষ্টি করেছিল। এই ছবির একাধিক শব্দ ও বেশকিছু দৃশ্যে কাঁচি চালালো সেন্ট্রাল বোর্ড অফ ফিল্ম সার্টিফিকেশন। একটি দৃশ্যে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রসঙ্গ টানা হয়েছিল, সেটি বাদ দেয়া হয়েছে বলে জানা গেছে। এই তথ্যের জেরেই ধারণা করা হচ্ছে ছবি থেকে বাদ দেয়া হয়েছে 'খেলা হবে।' বাংলাদেশের সংসদ সদস্য শামীম ওসমানের মুখে প্রথমবার ভাইরাল হয় 'খেলা হবে' সংলাপটি। পরে এটি ভারতের পশ্চিমবঙ্গে জনপ্রিয় হয়ে উঠে তৃণমূল কংগ্রেসের নেতা দেবাংশু ভট্টাচার্যর মাধ্যমে। মমতা ব্যানার্জীকেও প্রায়শই এই স্লোগান দিতে দেখা গেছে। এমনকি এ স্লোগান দিয়ে গানও বানিয়েছে তৃণমূল। আর এখন বাংলা ভাষাভাষী মানুষের গণ্ডি ছাড়িয়ে বলিউড সিনেমায় ব্যবহৃত হলো 'খেলা হবে' সংলাপটি! মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রসঙ্গ ছাড়াও ছবিতে ব্যবহার করা একটি মদের ব্র্যান্ডের নাম বদলে গিয়েছে। একটি দৃশ্যে দেখানো হয়েছিল নারী অন্তর্বাসের দোকান, সেই দৃশ্যেও সেন্সরের কাঁচি চলেছে। ছবির ট্রেলারে রবীন্দ্রনাথ ঠাকুর সম্পর্কিত একটি দৃশ্য সামাজিক মাধ্যমে চর্চায় ছিল। শোনা যাচ্ছে, সেন্সর বোর্ড ওই দৃশ্যটিতেও সামান্য রদবদল করেছে। ছবিতে রানি চট্টোপাধ্যায়ের চরিত্রে রয়েছেন আলিয়া। বুদ্ধিমতী, শিক্ষিতা মেয়ে রানি। অন্যদিকে পারিপার্শ্বিক পরিস্থিতি সম্পর্কে কোনোরকম জ্ঞানশূন্য, পাঞ্জাবি যুবকের চরিত্রে রয়েছেন রণবীর সিং। সেন্সর সার্টিফিকেট অনুসারে 'রকি অউর রানি কি প্রেম কাহানি'র রান টাইম বা দীর্ঘ ২ ঘণ্টা ৪৮ মিনিট। রণবীর-আলিয়ার এই ছবিতে অন্যান্য গুরুত্বপূর্ণ চরিত্রে থাকছেন জয়া বচ্চন, ধর্মেন্দ্র, শাবনা আজমিরা। দেখা মিলবে টলিউডের চূর্ণী গঙ্গোপাধ্যায় এবং টোটা রায়চৌধুরীর। ২৮ জুলাই বলিউডের এই ছবিটি প্রেক্ষাগৃহে মুক্তি পাবে। সূত্রঃ হিন্দুস্তান টাইমস

# 'বাংলা ছবিকে হিন্দি ছবি টেক্কা দিতে পারবে না'

**বিনোদন প্রতিবেদক :** ঈদুল আজহায় মুক্তি পেয়েছিল চয়নিকা চৌধুরী পরিচালিত সিনেমা 'প্রহেলিকা'। শুক্রবার অনুষ্ঠিত হয়েছে সিনেমাটির বিশেষ শো। শোবিজ তারকাদের নিয়ে সিনেমাটি দেখেছেন মাহফুজ-বুবলীরা। প্রদর্শনী শেষে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়েছিলেন চিত্রনায়িকা নিপুণ। হিন্দি সিনেমার আমদানি ঈদের সিনেমাগুলোকে ক্ষতির মুখে ফেলবে? এমন প্রশ্নের উত্তরে নিপুণ বলেন, 'যখন হিন্দি সিনেমা আসছিল তখন হল মালিকরা কিন্তু আমাদের সাথে একটা কন্ডিশনে ছিলেন। হিন্দি ছবি এসেছে, চলেছে। আমাদের বাংলা সিনেমাও দর্শক দেখছে। আমি ঢাকার বাইরে শুটিংয়ে ছিলাম, সেখানে দেখলাম আমাদের ঈদের সিনেমাগুলো রান করেছে।' চিত্রনায়িকা নিপুণ আরও বলেন, 'আমরা এখন হলিউডের সিনেমার সাথে প্রতিযোগিতা করছি। হলিউডের সিনেমার শো কমিয়ে আমাদের বাংলা সিনেমার শো বাড়ানো হয়েছে। যেখানে আমরা হলিউডের সিনেমার সাথে প্রতিযোগিতা করতে পারছি সেখানে হিন্দি সিনেমা বাংলা ছবিকে টেক্কা দিতে পারবে না। এটা আমার বিশ্বাস।' দেশে হিন্দি সিনেমা আমদানি নিয়ে বেশ জটিলতা তৈরি হয়েছিল। পরে জটিলতার অবসান করে ১২ মে বাংলাদেশে মুক্তি পেয়েছিল ভারতীয় সিনেমা 'পাঠান'। আমদানিকারক প্রতিষ্ঠানের দাবি, শাহরুখ খান অভিনীত এ সিনেমাটি প্রথম সপ্তাহে বাংলাদেশ থেকে আয় করেছে ১ কোটি ৪৫ লাখ। শাহরুখ খানের নতুন সিনেমা 'জওয়ান' দেশে মুক্তির পরিকল্পনা চলছে। এমন কথাও শোনা যাচ্ছে ফিল্মপাড়ায়। এর আগে সালমান খান অভিনীত 'কিসি কা ভাই কিসি কি জান' সিনেমাটিকেও দেয়া হয়েছে মুক্তির অনুমতি। তবে কবে নাগাদ মুক্তি পাবে সে ব্যাপারে নিশ্চিত কোনো তথ্য দিতে পারেনি আমদানিকারক প্রতিষ্ঠান।

